তারিখ 18 JUL 2016
পৃষ্ঠা ২০ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষা ২০ নভেম্বর শুরু

## পরীক্ষার্থী সাড়ে ৩৪ লাখ

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ২০ নভেম্বর প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। চলবে ২৭ নভেম্বর পর্যন্ত। এবার প্রাথমিক ও ইবতেদায়ি পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩৪ লাখ ৪৫ হাজার। এর মধ্যে তিন লাখ ২০ হাজার ইবতেদায়ি সমাপনী পরীক্ষা দেবে। গতকাল রবিবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান সভাপতিত্ব করেন।

**পরীক্ষার সময়সূচি**

প্রাথমিক সমাপনীতে ২০ নভেম্বর ইংরেজি, ২১ নভেম্বর বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৩ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৪ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা ও ২৭ নভেম্বর গণিত পরীক্ষা হবে।

ইবতেদায়ি পৃষ্ঠা ২ কলাম ১

## প্রাথমিক ও ইবতেদায়ি

২০ পৃষ্ঠার পর

সমাপনীতে ২০ নভেম্বর ইংরেজি, ২১ নভেম্বর বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৩ নভেম্বর আরবি, ২৪ নভেম্বর কুরআন ও তাজবীদ এবং আকাঈদ ও ফিকহ্, ২৭ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকল পরীক্ষা সকাল ১১টায় শুরু হয়ে বেলা দেড়টায় শেষ হবে।

**প্রাথমিক ও গণশিক্ষার অধীনে জেএসসি**

এ বছর থেকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা হবে। গতকাল মন্ত্রী মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের এ তথ্য জানান। মন্ত্রী বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় আমরা যৌথভাবে এ পরীক্ষাটা নেব। পরীক্ষা পরিচালনার মূল দায়িত্ব থাকবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কাছে।